গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন
স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ভবন (৯ম তলা)
সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
ওয়েব সাইট: orgbdr.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

নম্বর-৪৬.০৪.০০০০.১০৩.৪০.০৮০.২২-১১৫

তারিখঃ ১২ ভাদ্র ১৪৩০
২৭ আগস্ট ২০২৩

# বিজ্ঞপ্তি

সম্প্রতি গভীর উদ্বেগের সহিত লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন নিবন্ধক হঠাৎ করে কোন ১(এক) দিনে ১০০-৫০০ পর্যন্ত নিবন্ধন করছেন। আবার কোথাও অথরাইজড ইউজার আইডি ও পাসওয়ার্ড-কে অপব্যবহার করে ১ (এক) দিনে বা রাতে বিপুল সংখ্যক নিবন্ধন সম্পন্ন করা হচ্ছে। এসব ক্ষেত্রে অথরাইজড ইউজার ও নিবন্ধক-কে চিহ্নিত করা যায় এবং তাকে জিজ্ঞাসাবাদ করলে বা ব্যাখ্যা চাওয়া হলে তারা দায়িত্ব অস্বীকার করেন। ক্ষেত্রবিশেষ, নানারকম অপাঙক্তেয়, অবান্তর যুক্তির অবতারণা করা হয়। কোথাও কোথাও থেকে এরকম করে নিবন্ধিত অযাচিত জন্ম নিবন্ধগুলো বাতিলের জন্য এ অফিসে পত্র প্রেরণ করা হয়। এতে এ অফিসের কাজ বেড়ে যায়, BDRIS এর উপর চাপ সৃষ্টি হয়, সিস্টেমে অনভিপ্রেত জন্ম নিবন্ধন সংযুক্ত হয়, জনমনে বিভ্রান্তি সৃষ্টি হয়, এ অফিসের ভাবমূর্তির ক্ষুন্ন হয়। এ প্রবণতা রোধ করা জরুরি। এজন্য এখন থেকে নিবন্ধক কার্যালয়গুলো (ইউনিয়ন পরিষদ, পৌরসভা, ক্যান্টনমেন্ট বোর্ড) প্রতিদিন সর্বোচ্চ ৩০ (ত্রিশ) টি এবং সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) টি ও জোন অফিসের ক্ষেত্রে নিবন্ধন আবেদনের তথ্যের সঠিকতা যাচাই বাছাই করে সর্বোচ্চ ১০০ (একশ) টি পর্যন্ত রেজিস্ট্রেশন সম্পন্ন করা যাবে। এর অতিরিক্ত করা যাবে না, BDRIS সিস্টেম তা গ্রহণ করবে না। ইহা সংশ্লিষ্ট সকলের অধিক্ষেত্রের সকল নিবন্ধক-কে অবহিত করার জন্য অনুরোধ করা গেল।

২৭/০৮/২০২৩
মোঃ রাশেদুল হাসান
রেজিস্ট্রার জেনারেল (অতিরিক্ত সচিব)
জন্ম ও মৃত্যু নিবন্ধন
ফোন: ০২২২৩৩৮৬৬০৬
ই-মেইল: rg@orgbdr.gov.bd

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
০২. পরিচালক, কনস্যুলার এবং এমআরপি, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক (সকল)।
০৪. উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।
০৫. ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ক্যান্টনমেন্ট বোর্ড (সকল)।
০৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

**অনুলিপি: (সদয় অবগতির জন্য)।**

০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার (সকল) মহোদয়ের একান্ত সচিব।
০৪. প্রোগ্রামার, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

CamScanner